



বিষ্ণু যশা চক্রবর্তী

## চন্দনাইশে শ্রেষ্ঠ প্রধান শিক্ষক বিষ্ণু যশা চক্রবর্তী

চন্দনাইশ (চট্টগ্রাম) প্রতিনিধি

চট্টগ্রামের চন্দনাইশ উপজেলায় উপজেলা শিক্ষা কমিটি শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচিত করেছেন। সোমবার সকাল ১০টায় ইউএনও সনজিদা শরমিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় দোহাজারী জামিজুরী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিষ্ণু যশা চক্রবর্তীকে উপজেলার শ্রেষ্ঠ প্রধান শিক্ষক নির্বাচিত করেন। তিনি উপজেলার শ্রেষ্ঠ প্রধান শিক্ষক নির্বাচিত হওয়ায় বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি আলী আজম খান, উপজেলার শিক্ষক সমিতির সভাপতি বিজয় কৃষ্ণ ধর, সম্পাদক এসএম সৈয়দ, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও ছাত্রছাত্রীরা অভিনন্দন জানান।